



# Port City International University

Excellence in Higher Education

GOVT. & UGC APPROVED

## নোটিশ

স্মারক: পিসিআইইউ/রেজি:/নোটিশ ২৩ ২৬/১০ ০১ (৩৭৩)

তারিখ: ২৬ অক্টোবর ২০২৩

**বিষয়: মাদকবিরোধী আলোচনা সভা প্রসঙ্গে**


সূত্র: ক। ৫৮.০২.১৫০০.০৮৪.১৬.০২২.১২-৪৪৮ তারিখ: ১১ অক্টোবর ২০২৩ (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পত্র)  
খ। পিসিআইইউ/রেজি:/নোটিশ ২৩ ১৭/১০ ০১ (৩৭০) তারিখ: ১৭ অক্টোবর ২০২৩ (বিশ্ববিদ্যালয় পত্র)

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম মেট্রো: (উত্তর) কার্যালয়, চট্টগ্রাম ও পোর্ট সিটি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি এর যৌথ আয়োজনে আগামী ২৯/১০/২০২৩ ইং তারিখ উপর্যুক্ত বিষয় ও সূত্র অনুযায়ী বিশ্ববিদ্যালয় অডিটোরিয়ামে সকাল ১১:০০ ঘটিকায় বিশ্ববিদ্যালয় পর্যায়ে মাদকের বিরুদ্ধে করণীয় ও সচেতনতার উদ্দেশ্যে মাদকবিরোধী আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন পোর্ট সিটি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি এর মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ নূরুল আনোয়ার, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. গনেশ চন্দ্র রায় এবং বিশেষ বক্তব্য রাখবেন বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মফজল আহমদ।

মুখ্য আলোচক হিসেবে আলোচনা করবেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম মেট্রো: উত্তর কার্যালয়ের উপ পরিচালক জনাব হুমায়ুন কবির খন্দকার, সভাপতিত্ব করবেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রামের অতিরিক্ত পরিচালক জনাব, মো: জাফরুল্লাহ কাজল।

উক্ত সভায় সকল ডীন, বিভাগীয় সভাপতি, শিক্ষক, সেকশন প্রধানসহ কর্মকর্তাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। সূত্র 'খ' অনুযায়ী সকল বিভাগীয় সভাপতি ও প্রক্টরকে বিষয়টি সমন্বয়পূর্বক কার্যক্রমের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

  
রেজিস্ট্রার  
পোর্ট সিটি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি



**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:**

১. মাননীয় প্রতিষ্ঠাতা, পোর্ট সিটি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি
২. মাননীয় চেয়ারম্যান, পোর্ট সিটি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ট্রাস্ট
৩. মাননীয় উপাচার্য মহোদয়ের পিএস কপি সংরক্ষণের জন্য
৪. একাডেমিক ও প্রশাসনিক উপদেষ্টা
৫. সকল অনুষদের ডীন
৬. প্রক্টর
৭. সকল বিভাগীয় সভাপতি
৮. সকল সেকশন প্রধান ও ছাত্র কল্যাণ উপদেষ্টা
৯. অফিস কপি